

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ২৩ জানুয়ারি, ২০২৪ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৩/০১/২০২৪ খ্রিস্টাব্দ তারিখ রোজ মঙ্গলবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মো: আব্দুস সোবহান এর নেতৃত্বে চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার ১টি চানাচুর কারখানা ও ৩টি রেস্তোরাঁতে অভিযান পরিচালনা করা হয়।

১। মোহাম্মদপুর, মুরাদপুর পাচলাইশ এলাকায় 'আল-আকসা সূটস এন্ড ফুড প্রোডাক্টস' নামক কারখানাটিতে মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর এমন প্রক্রিয়ায় চানাচুর উৎপাদন এবং যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে বিক্রয়ের উদ্দেশ্যে মজুদ করতে দেখা যায়।

২। হাটহাজারী রোড, অক্সিজেন এলাকায় 'খাবার মেলা রেস্তুরেন্ট' নামক একটি প্রতিষ্ঠানে অভিযান পরিচালনাকালে বাধ্যতামূলক নিবন্ধনের ব্যত্যয় ঘটিয়ে অনির্ভুক্ত অবস্থায় পরিচালনা করতে দেখা যায়।

৩। বায়েজিদ, অক্সিজেন এলাকায় 'হোটেল জামান রেস্তুরেন্ট এন্ড বিরিয়ানি হাউজ' নামক একটি প্রতিষ্ঠানে অভিযান পরিচালনাকালে বাধ্যতামূলক নিবন্ধনের ব্যত্যয় ঘটিয়ে অনির্ভুক্ত অবস্থায় পরিচালনা করতে দেখা যায়।

৪। হাটহাজারী রোড, অক্সিজেন এলাকায় 'ক্যাফে বাগদাদ' নামক রেস্তুরেন্টে যথাযথ লেবেল সংযোজন ব্যতিরেকে খাদ্যদ্রব্য মজুদ ও বিক্রয় করতে দেখা যায়।

এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী উক্ত ৪টি প্রতিষ্ঠানকে মোট ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা জরিমানা করা হয় এবং তাৎক্ষণিকভাবে তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে প্রতিষ্ঠান গুলোর কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষণ ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মো: বশির আহমেদ, নিরাপদ খাদ্য অফিসার, চট্টগ্রাম মেট্রোপলিটন, চট্টগ্রাম; জনাব মো: ইয়াছিনুল হক চৌধুরী, নিরাপদ খাদ্য পরিদর্শক ও বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যবৃন্দের একটি টোেকস টিম উপস্থিত ছিলেন।


২৩/০১/২০২৪

(মোঃ আখতার মামুন)

পরিচালক (উপসচিব)

খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ

ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd

ফোনঃ ০২-২২২২২২৩৬০১

বিতরণঃ

- ১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
- ৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অফিস কপি।